গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কানাইঘাট, সিলেট
www.kanaighat.sylhet.gov.bd

**সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে কানাইঘাট উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) বিভিন্ন জলমহালসমূহ ১৪৩৩-১৪৩৫ বাংলা সন মেয়াদে ইজারা প্রদানের বিজ্ঞপ্তি :**

এতদ্বারা প্রকৃত নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কানাইঘাট উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ২০ (বিশ) একর (বদ্ধ) নিম্ন বার্ণিত জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ এর আলোকে ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা/বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাধীনে সাধারণভাবে (ম্যানুয়াল) আবেদন আহবান করা যাচ্ছে।

০১। আবেদন দাখিলের স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কানাইঘাট, সিলেট।
০২। নিম্নোক্ত তারিখ অনুযায়ী জলমহাল ইজারা কার্যক্রম সম্পন্ন হবে।

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) জলমহাল ব্যবস্থাপনার সিডিউল:

**১ম পর্যায়**

| ক্রমিক | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ১৪৩৩ বঙ্গাব্দের ১০ বৈশাখ থেকে ২০ বৈশাখ এর মধ্যে (২৩-০৪-২০২৬ থেকে ০৩-০৫-২০২৬ অফিস সময় পর্যন্ত) | সাধারণভাবে (ম্যানুয়াল) আবেদন দাখিল |
| ২ | ২১ বৈশাখ থেকে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (০৪-০৫-২০২৬ থেকে ০৬-০৫-২০২৬ অফিস সময় পর্যন্ত) | সাধারণভাবে (ম্যানুয়াল) আবেদন ও সংযুক্ত অন্যান্য কাগজপত্রের কপি এবং জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে (অফিস সময় পর্যন্ত)। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। |

**২য় পর্যায়**

| ক্রমিক | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ১৪৩৩ বঙ্গাব্দের ২৪ বৈশাখ থেকে ০৩ জ্যৈষ্ঠ এর মধ্যে (০৭-০৫-২০২৬ থেকে ১৭-০৫-২০২৬ অফিস সময় পর্যন্ত) | সাধারণভাবে (ম্যানুয়াল) আবেদন দাখিল (১ম পর্যায়ে অ-ইজারাকৃত জলমহালের জন্য) |
| ২ | ০৪ জ্যৈষ্ঠ থেকে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (১৮-০৫-২০২৬ থেকে ২০-০৫-২০২৬ অফিস সময় পর্যন্ত) | সাধারণভাবে (ম্যানুয়াল) আবেদন ও সংযুক্ত অন্যান্য কাগজপত্রের কপি এবং জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে (অফিস সময় পর্যন্ত)। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। |

**৩য় পর্যায়**

| ক্রমিক | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ১৪৩৩ বঙ্গাব্দের ০৭ জ্যৈষ্ঠ থেকে ১৮ জ্যৈষ্ঠ এর মধ্যে (২১-০৫-২০২৬ থেকে ০১-০৬-২০২৬ অফিস সময় পর্যন্ত) | সাধারণভাবে (ম্যানুয়াল) আবেদন দাখিল (১ম ও ২য় পর্যায়ে অ-ইজারাকৃত জলমহালের জন্য) |
| ২ | ১৯ জ্যৈষ্ঠ থেকে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (০২-০৬-২০২৬ থেকে ০৪-০৬-২০২৬ অফিস সময় পর্যন্ত) | সাধারণভাবে (ম্যানুয়াল) আবেদন ও সংযুক্ত অন্যান্য কাগজপত্রের কপি এবং জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে (অফিস সময় পর্যন্ত)। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। |

CamScanner

১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) ইজারাযোগ্য জলমহালসমূহের তালিকা :

| ক্রমিক | জলমহালের নাম | মৌজা | পরিমান (একরে) | ৫% বর্ধিত হারে সরকারি ইজারা মূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মাইনকা বিল | মৌজা-উন্দ্রাকান্দি উত্তর/৪৯ | ৮.৮৪ | ১,২২,১২৯/- | ৫০০/- | স্বত্ব-১০৮/০৮ স্বত্ব-২২/১০ (ছানি) মামলাভূক্ত |
| ০২ | কনকারী বিল | মৌজা-পূর্ব লক্ষীপুর/ ২২১ | ১১.০৭ | ১৯,২২৩/- | ৫০০/- | |
| ০৩ | মোহন মাঝির বিল | মৌজা-ঝিঙ্গারখাল/৭৮ | ৯.২১ | ১৫,৯৯৪/- | ৫০০/- | মিস-১৫৫/১৯৭৯ মামলাভূক্ত |
| ০৪ | কুড়ি খাল (১) | মৌজা-দূর্গাপুর দক্ষিণ/৫৭, | ১.৫২ | ২,৬৪০/- | ৫০০/- | |
| ০৫ | কামারজুরি নালকুড়ি | মৌজা-হালাবাদী পুর্ব/ ১৩ | ১৪.০৪ | ২৩,৬৫২/- | ৫০০/- | |
| ০৬ | রাজাগঞ্জ খাল | মৌজা-রাজাগঞ্জ/৮৮ | ১০.৯৭ | ২২,৯৫৭/- | ৫০০/- | স্বত্ব-১৪৮/২০২২ |
| ০৭ | দুকুড়ি বিল | মৌজা-হাদারকান্দি/৪৭, | ৭.৬০ | ১৩,১৯৮/- | ৫০০/- | স্বত-০৮/২০১০ মামলাভূক্ত |
| ০৮ | কুয়ার বিল | মৌজা- বাউরভাগ ৪র্থ খন্ড/৯ | ৪.৭২ | ৮,১৯৭/- | ৫০০/- | |
| ০৯ | ঘোমরা বিল | ডাউকেরগুল/২৩৫ | ৮.৫৪ | ১৬,৬৩৪/- | ৫০০/- | |
| ১০ | বাদী বিল | মৌজা-মুক্তাপুর/ ৫০ | ১১.৭৪ | ২০,৩৮৬/- | ৫০০/- | স্বত্ব মামলা ০৯/২০০৩ |
| ১১ | লাইন নদী | মৌজা-দূর্গাপুর উত্তর/৫৩ | ৩.২৯ | ৫,৭১৪/- | ৫০০/- | |
| ১২ | চাতল বিল (১) | মৌজা-মুক্তাপুর দক্ষিণ/ ৫০ | ৮.২০ | ১৪,২৪০/- | ৫০০/- | রিট পিটিশন নং-৮৫৩২/১০ চলমান |
| ১৩ | লামাঝিঙ্গাবাড়ী | মৌজা-ঝিঙ্গারখাল/৭৮ | ১৬.৪০ | ২৭,১২২/- | ৫০০/- | |
| ১৪ | ফকিরাবাগ | মৌজা-ফতেগঞ্জ হাওর/৮৭ | ৫.০৬ | ৬২,৮১৯/- | ৫০০/- | |
| ১৫ | ফেটিকুড়ি তেরাকুড়ি | মৌজা-হারাতৈল দক্ষিণ/ ৬১ | ৫.৭৪ | ৯,৯৬৭/- | ৫০০/- | স্বত্ব মামলা ৫৩/০৯ |
| ১৬ | মির্জারগড় | মৌজা-বাউয়ারকান্দি/৬২, | ১১.০৪ | ১৮,১৯১/- | ৫০০/- | স্বত-০৫/২০১০ মামলাভূক্ত |
| ১৭ | বড়দেশী খাল | মৌজা-বড়দেশ দক্ষিণ/ জে,এল, নং ১৪০, | ১০.৬৪ | ১৮,৪৭৬/- | ৫০০/- | স্বত্ব-১/১৩, আপীল-২২৬/১৭ ও রিট পিটিশন নং-২০০৮/২০১৮ চলমান |
| ১৮ | ঘিলাচাপড়ী | মৌজা-উন্দ্রাকান্দি উত্তর/৪৯ | ৬.১৬ | ১০,৩৩২/- | ৫০০/- | |
| ১৯ | চাপাড় বিল | মৌজা-হারাতৈল দক্ষিণ/৬১ | ২.৩৮ | ৩,৭৪৮/- | ৫০০/- | |
| ২০ | শিয়ালকুড়ি | মৌজা-বরকোনা বারমনি/৯৩ | ১৬.৯২ | ২৭,৯৮৩/- | ৫০০/- | |
| ২১ | বাদীকুড়ি | মৌজা-ফতেগঞ্জ হাওর/৮৭ মৌজা- মির্জারগড়/৮৯ | ৩.৮০ | ৮৮,৫৫১/- | ৫০০/- | রিট পিটিশন-৩০৮০/২০১১ চলমান |
| ২২ | চড়াকুঁড়ি | মৌজা-হালাবাদী পশ্চিম/৭৭, | ৭.১৯ | ১১,৮৯২/- | ৫০০/- | |
| ২৩ | চান্দের বাড়ীকুড়ি | মৌজা-আটলার পাহাড়/৮৫, | ৯.৭৩ | ১৬,৮৯৬/- | ৫০০/- | স্বত্ব মামলাভূক্ত |
| ২৪ | বড় ডুগি | মৌজা- নিজ চাউরা দক্ষিণ/৩১ মৌজা-গৌরীপুর/ ২১ | ১১.০৩ | ৫৪,০৭৩/- | ৫০০/- | রিট পিটিশন নং-৪৩২৯/২০২৪ চলমান |
| ২৫ | আম্বরী নদী | মৌজা-লক্ষীপ্রসাদ কুকুবাড়ী/১৭ মৌজা-দক্ষিণলক্ষীপ্রসাদ/-১৯ মৌজা-কুওরঘড়ি/২০ | ১৯.৩২ | ৪,০২৫/- | ৫০০/- | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২৬ | ফৌদ বিল | মৌজা- ডাউকেরগুল/২৩৫, | ২.৮৪ | ৫,১৭৯/- | ৫০০/- | |
| ২৭ | পাগলকুড়ি | মৌজা-হারাতৈল দক্ষিণ/৬১ | ১২.৯২ | ২২,৪৩৫/- | ৫০০/- | স্বত্ব-৩৩/৮৬, সিভিল রিভিশন নং-৭৯৩/১৯৯৮ |
| ২৮ | টুংরাখাল | মৌজা-আগফৌদ/১২ | ১.৮৯ | ৩,২৮৩/- | ৫০০/- | রিট মামলাভূক্ত |
| ২৯ | ডোনাখাল | মৌজা-হালাবাদী/৭৭<br>মৌজা-বাঁশবাড়ী/১০৮ | ৮.৩২ | ১৪,৪৫০/- | ৫০০/- | |
| ৩০ | রাজাগঞ্জ নয়ামাটি | মৌজা-খাগড়ীকান্দি/৮৬ | ১৪.৭৯ | ২৫,৬৮২/- | ৫০০/- | মামলাভূক্ত |
| ৩১ | ছোট লামাইশ | মৌজা-ফতেহগঞ্জ হাওর/৮৭ | ৪.১১ | ৭,১৩৭/- | ৫০০/- | মামলাভূক্ত |
| ৩২ | বড় লামাইশ | মৌজা-মির্জারগড়/৮৯ | ৮.৪৮ | ১৪,৭২৫/- | ৫০০/- | |
| ৩৩ | চিরকুড়ি (করাই খাল) | মৌজা-বিষ্ণুপুর/৩০ | ৩.৭৮ | ৬,২৫২/- | ৫০০/- | |
| ৩৪ | লামা চেপড়া ও নলকুড়ি বিল (১ম খণ্ড) | মৌজা-হালাবদী/৭৭ | ৭.৩৯ | ১২,৮৩২/- | ৫০০/- | |
| ৩৫ | উপর চাপড়া বিল | মৌজা-ঝিংগারখাল/৭৮ | ১৮.৫৮ | ৩০,৭২৮/- | ৫০০/- | |
| ৩৬ | পেকুরখাল | মৌজা-উন্দ্রাকান্দি দক্ষিণ/৪৮ | ৬.৭০ | ১১,৬৩৫/- | ৫০০/- | |
| ৩৭ | দাড়ুবিল | মৌজা-হারাতৈল দক্ষিণ/৬১ | ৫.৫৪ | ৭,৩৪৬/- | ৫০০/- | স্বত্ব মামলা নং ৭৫/২০১০ |
| ৩৮ | লামাচেপড়া নলকুড়ি | মৌজা-হালাবাদী,/৭৭ | ৩.৩৬ | ৫,২৯২/- | ৫০০/- | |
| ৩৯ | মালিগড় বিল | মৌজা-উন্দ্রাকান্দি উত্তর/ ৪৯ | ৫.৩৭ | ৯,১১৭/- | ৫০০/- | স্বত্ব মামলা নং ২২/২০১০ |
| ৪০ | বাউরভাগ জলাশয় (পুকুর) | মৌজা-বাউরভাগ ২য় খন্ড/১০ | ১.৯৫ | ৩,২২৫/- | ৫০০/- | |
| ৪১ | বাঘার খাল | মৌজা-মালিগ্রাম/৪৪ | ৫.৮০ | ১০,২৪১/- | ৫০০/- | স্বত্ব মামলা নং ১০/২০১০ |
| ৪২ | নাপিত খাল | মৌজা-বড়চতুল/৪১ | ৪.৭০ | ৮,১৬৩/- | ৫০০/- | স্বত মামলা নং ০৯/১০ |
| ৪৩ | কাফরাং খাল (কামরাঙ্গীখাল) | মৌজা-নিহালপুর/১৬ | ৮.৭০ | ১৫,১৭৯/- | ৫০০/- | |
| ৪৪ | নিজ চাউরা উত্তর (পুকুর) | মৌজা-নিজ চাউরা উত্তর/৩২ | ০.৯৩ | ১,৫৯৭/- | ৫০০/- | |
| ৪৫ | মুলাউরা বিল | মৌজা-নয়ামটি দক্ষিণ/১০৯, | ৭.৭৯ | ৬,৩৮৩/- | ৫০০/- | |
| ৪৬ | করাতি খাল | মৌজা-শেওরা বাড়ি/৯৫ | ১৯.৬৫ | ১১,৬৬০/- | ৫০০/- | |
| ৪৭ | নুন খাল | মৌজা-নুনছড়া/১৪ | ১.৭৮ | ২,২২৬/- | ৫০০/- | |
| ৪৮ | মাদার খাল | মৌজা-শিবনগর/১৪৬ | ৫.৬৪ | ৮,৩৬৪/- | ৫০০/- | |
| ৪৯ | লোহাজুরি খাল | মৌজা- কেউটি হাওর/ ২৩৪ | ০৬.৬৩ | ১০,৯৬৫/- | ৫০০/- | |
| ৫০ | কাইলা কুঁড়ি | মৌজা-উন্দ্রাকান্দি উত্তর/৪৯ | ১৩.৭০ | ৭,৮২৩/- | ৫০০/- | |
| ৫১ | চড়ি খাল | মৌজা-ধনপুর/১৪৯ | ৪.০৭ | ৬,৭৩২/- | ৫০০/- | |
| ৫২ | কুড়ি খাল (২) | মৌজা-মুক্তাপুর/৫০ | ৬.৮৯ | ১১,৩৯৫/- | ৫০০/- | |
| ৫৩ | লক্ষিপুরী খাল | মৌজা-সানন্দপুর/১৫৫ গং | ৫.৩৬ | ৩,৯৫৩/- | ৫০০/- | |
| ৫৪ | নয়াখাল | মৌজা-বিষ্ণুপুর/৩০,<br>মৌজা-রায়গড়/২৯ | ৪.৪৪ | - | ৫০০/- | বর্তমানে ভরাট |
| ৫৫ | ফতেখাই খাল | মৌজা-গৌরীপুর/২১ | ১.৫৭ | ২,৫৯৭/- | ৫০০/- | |
| ৫৬ | নয়ামাটি দক্ষিণ | মৌজা-বাশবাড়ি/১০৮ | ৩.২৯ | ৫,১৮২/- | ৫০০/- | |

CamScanner

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫৭ | পানি চাপড়া | মৌজা-কালাগুল/৭৬ | ৩.৯৭ | ৬,৫৬৬/- | ৫০০/- | |
| ৫৮ | নয়াকুড়ি | মৌজা-কটালপুর/৯৭ | ৩.০১ | ৪,৭৪৫/- | ৫০০/- | |
| ৫৯ | আং গাং আং কুড়ি | মৌজা-খাগড়িকান্দি/৮৬<br>মৌজা- আটলার পাহাড়/৮৫, | ১৬.৩৮ | ২৮,৪৪৩/- | ৫০০/- | এলএসটি মামলা<br>৮১৭/২০১১ |
| ৬০ | মাটিজুরা বিল | মৌজা- মাটিজুরা/১৮৬, | ৪.৪৯ | ৮,৫৭৮/- | ৫০০/- | |
| ৬১ | নাউড়ি খাল | মৌজা- বড়চাতল/২৪৯ | ৩.০০ | ৫,২১১/- | ৫০০/- | |
| ৬২ | কচু গাং | মৌজা- বড় হাওর/৭৫, মৌজা- হালাবাদী পশ্চিম/৭৭, ঝিংগারখাল হাওর/৭৯, ঝিংগারখাল/৭৮, কালাগুল/৭৬ | ১৫.৬৫ | ২৭,১৭৭/- | ৫০০/- | রিট-১৩৩২৭/১৭ |
| ৬৩ | সরুখাল | মৌজা-হালাবাদী পূর্ব/১৩ | ৪.৪৯ | ১৭,৬৯০/- | ৫০০/- | |
| ৬৪ | বিসরীকুন্দা | মৌজা-বড় চাতল/২৪৯ | ৬.৭৮ | ১০,৫৫৮/- | ৫০০/- | রিট পিটিশন নং<br>১৪৮০৪/২০১৪ |
| ৬৫ | শালদিগা খাল | মৌজা-বড়হাওর/৭৫ | ৩.৮০ | ৬,৬০০/- | ৫০০/- | রিট-১৩৩২৭/১৭ |
| ৬৬ | তেরাকুড়ি | মৌজা হারাতৈল দক্ষিণ ৬১ | ০.৮৯ | ১,৫৭৫/- | ৫০০/- | রীট মামলা<br>১৬২২/০৯ |
| ৬৭ | চাপারনালা | মৌজা হারাতৈল দক্ষিণ ৬১ | ২.৩৮ | ২৩,৩৭৬/- | ৫০০/- | স্বত্ব মামলা<br>৩৩৮/২১,৩৪০/২১<br>স্বত্ব আপীল নং<br>২০১/২৩ |
| ৬৮ | চাতল বিল (২) | মৌজা হালাবাদী পূর্ব ১৩ | ১৪.৭১ | ১৪,১৭৫/- | ৫০০/- | |
| ৬৯ | ফাটাকুড়ি | মৌজা মুক্তাপুর দক্ষিণ ৫০ | ৭.২২ | ১৫,১৭৬/- | ৫০০/- | |
| ৭০ | পাবিজুরী নদী | মৌজা বাওয়ারকান্দি ৬২ | ১০.৫০ | ১৫,৫১৪/- | ৫০০/- | স্বত্ব মামলা নং<br>৩১/২০০৩ |
| ৭১ | হবুখাল | মৌজা বাওয়ারকান্দি ৬২ | ১৩.৮০ | ৮,৯৬২/- | ৫০০/- | |
| ৭২ | ইসাবা নদী | মৌজা রাউতগ্রাম ৫৪,<br>দাড়িখেল ৫৫ | ৬.০৩ | ১২,০৯৬/- | ৫০০/- | |
| ৭৩ | চাপড়ি বিল | মৌজা উন্দ্রাকান্দি দক্ষিণ ৪৮ | ১২.০৭ | ২৪,৪৮৭/- | ৫০০/- | |
| ৭৪ | কামারজুরী নদী | মৌজা বাউরভাগ ১ম খন্ড ২ | ৫.৮৪ | ১০,৯৫২/- | ৫০০/- | |
| ৭৫ | খিলা চাপড়ি | মৌজা হাদারকান্দি ৪৭ | ৫.৯৫ | ৯,৮৪০/- | ৫০০/- | |
| ৭৬ | নকুলা নদী | মৌজা খেবুরবন্দ, মহেশপুর,<br>কৃষ্ণপুর | ১০.৪৯ | ১৬,৫২২/- | ৫০০/- | |
| ৭৭ | মেদারনালা | মৌজা শিবনগর ১৪৬ | ৫.৬৪ | ৮,৩৬৫/- | ৫০০/- | |
| ৭৮ | বীরদলখাল ২য় খন্ড | মৌজা বীরদল হাওর পূর্ব ১৪৫ | ৫.০০ | ৭,৫৪১/- | ৫০০/- | |
| ৭৯ | বীরদলখাল | মৌজা বীরদল হাওর পূর্ব<br>১৪৫ | ১৩.৯৭ | ২২,০০৩/- | ৫০০/- | |
| ৮০ | ধরপড়ি খাল | মৌজা নন্দিরাই ১৬৫ | ১.৫৬ | | ৫০০/- | বর্তমানে ভরাট |
| ৮১ | নিজ কারাবাল্লা | মৌজা নিজ কারাবাল্লা ২৪২ | ৯.১৪ | ১৮,৬১৪/- | ৫০০/- | |

/

# শর্তাবলী

০১। ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নির্ধারিত তারিখের মধ্যে আবশ্যিকভাবে উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট এর অনুকূলে ৫০০/- টাকা (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার করে নির্ধারিত ফরম ক্রয় করত: ইজারার আবেদন দাখিল করতে হবে। ইজারার আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদন সীলগালাযুক্ত মুখবন্ধ খামে এ কার্যালয়ে নির্ধারিত বক্সে দাখিল করতে হবে।

০২। জলমহালসমূহ কেবলমাত্র নিবন্ধিত (সমবায়/সমাজসেবা অধিদপ্তর ) প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা দেয়া হবে। তবে এক্ষেত্রে যুব মৎস্যজীবীদের (১৮-৩৫ বৎসর) নিবন্ধিত সমিতি অগ্রাধিকার পাবে। কোন অবস্থাতেই ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

০৩। জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যা কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বিধি মোতাবেক অগ্রাধিকার পাবে। তবে শর্ত থাকে যে, উক্ত সমিতিকে প্রকৃত মৎস্যজীবি ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি আবেদন যোগ্য হবেন না। আরো শর্ত থাকে যে আবেদনকারী সমিতি বর্তমানে কার্যকর আছে মর্মে তার প্রমাণ স্বরুপ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন দাখিল করতে হবে ও বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে অডিট রিপোর্ট প্রযোজ্য হবে না।

০৪। অনলাইনে আবেদনপত্র দাখিলের সময় আবেদনের সাথে সমিতির রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ, সমিতির কার্যবিবরণী, অডিট রিপোর্ট, টি আই এন নম্বর (যদি থাকে), প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সদস্যদের নামের তালিকা ঠিকানা ও ছবিসহ সংযুক্ত করতে হবে।

০৫। আবেদনপত্রে সদস্যদের নামের তালিকা (ঠিকানা সহ) যাচাই বাছাইয়ের ভিত্তিতে প্রকৃত মৎস্যজীবী হিসেবে প্রমাণিত হতে হবে; সদস্যদের হালনাগাদ মৎস্যজীবী প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

০৬। আবেদনকারীর সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বলে বিবেচিত হবেন।

০৭। আবেদন পত্রের সাথে সংগঠন সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক সলভেন্সী প্রত্যয়নপত্র (ব্যাংক রুলস অনুসারে), সমিতির নিকট সরকারী পাওনা নেই মর্মে প্রত্যয়ন পত্র সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতির ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/ উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রুপরেখা সংযুক্ত করতে হবে।

০৮। স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠনগুলোর মধ্যে যে জলমহাল নিকটবর্তী/তীরবর্তী সে সকল প্রকৃত মৎস্যজীবী সংগঠনকে সংশ্লিষ্ট জলমহালের ইজারা/ বন্দোবস্ত প্রদান করা হবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সে ক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী মৎস্যজীবি সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।

০৯। প্রতিটি জলমহাল বিগত ০৩ (তিন) বছরের ইজারামূল্যের গড় মূল্যের উপর ৫% বর্ধিত হারে ইজারামূল্য নির্ধারণ করে সরকারি ইজারামূল্য ধার্য হবে। এর কম মূল্যে কোন জলমহাল ইজারা হবে না।

১০। জলমহালের ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে শুরু হবে। ইজারাদারকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে উপজেলা নির্বাহী অফিসারের সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। তবে এই সময়ের মধ্যে যদি কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে।

১১। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহিতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহিতার কোন প্রকার দাবি/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের উপর ন্যস্ত হবে। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।

১২। মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি কোন জঙ্গিবাদের সাথে সম্পৃক্ত থাকলে এবং ইজারামূল্য পরিশোধে খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১৩। আবেদনকৃত জলমহালের উজারামূল্যের ২০% অর্থ ব্যাংক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনকারী তার আবেদনের সাথে দাখিল করবেন। ইজারাপ্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারামূল্যের সাথে তা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

CS CamScanner

১৪। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর যাবতীয় শর্ত বিবেচনা করে সংশ্লিষ্ট জলমহালের জন্য উপযুক্ত সংগঠন/সমিতির নামে জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ইজারা প্রদান করা হবে।

১৫। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন ০২ (দুই) টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

১৬। সময়মত ইজারামূল্য পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহন করবেন।

১৭। বন্দোবস্ত গ্রহীতা সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট পেশ করবেন। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/উপজেলা নির্বাহী অফিসার সময়ে সময়ে জলমহালগুলোর ব্যবস্থাপনা সরেজমিনে পরিদর্শন করবেন এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইনগত/বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন।

১৮। লীজগ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি তা করা হয় তা হলে উক্ত ইজারা বাতিল করা হবে এবং জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত ইজরাগ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী ০৩ (তিন) বছরের জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১৯। ইজারা প্রদত্ত জলমহালগুলো ইজারা চুক্তির কোন শর্ত লঙ্গিত হচ্ছে কিনা সে জন্য বিদ্যমান মৎস্য আইনের আওতায় যাচাই-বাছাই করে জলমহাল ইজারা চুক্তি ভঙ্গের প্রমাণ পাওয়া গেলে ইজারাদারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২০। বন্দোবস্ত/ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রথম বছরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ০৫ (পাঁচ) দিনের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা সংক্রান্ত ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে জমা প্রদান করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজার চুক্তি সম্পাদনপূর্বক জলমহালের দখল বুঝিয়ে দেওয়া হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১৫ই চৈত্র মাসের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরের ইজারামূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্র মাসের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

২১। বন্দেবস্ত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। বর্ষা মৌসুমে যখন ইজারকৃত জলাশয় সংলগ্ন প্লাবণভূমি প্লাবিত হয়ে একক জলাশয়ে রুপ নেয় তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতরে সীমাবদ্ধ থাকবে।

২২। যে সকল জলাশয়সমূহ থেকে (নদী, হাওর, খাল) জমিতে সেচ প্রদানে সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। যে সকল বদ্ধ জলমহাল বন্দোবস্ত/ইজারা দেয়া হবে সেখান থেকে মৎস্য চাষে ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনা সুযোগ থাকবে। এ ব্যাপারে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহন করবে।

২৩। ইজারাকৃত জলমহালে কেহ অতিথি পাখিসহ কোন পাখি শিকার করতে পারবে না। সরকারি জলমহালের পাড়ে সামাজিক বানায়নের মাধ্যমে বনজ সম্পদ বৃদ্ধির ক্ষেত্রে বন্দোবস্ত গ্রহীতা চুক্তিবদ্ধ থাকবেন।

২৪। সরকারি জলমহাল ইজারা গ্রহিতা সমিতি/সরকারি নিয়ম অনুযায়ী ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর (উৎস কর) অনলাইনে নির্ধারিত কোডে জমা প্রদান করবেন।

২৫। জলমহাল/খাস পুকুরসমূহ যে অবস্থায় আছে সে অবস্থায় ইজারা প্রদান করা হবে। ইজারা আবেদন দাখিলের পূর্বেই জলমহাল সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থায় সঠিকভাবে জেনে আবেদনপত্র দাখিল করতে হবে। এ ব্যাপারে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

২৬। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না।

২৭। ইজারাকৃত কোন জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না। ইজারাগ্রহীতা সরকারি জলমহালে বিষ প্রয়োগ করে কিংবা নিষিদ্ধ ঘোষিত জাল দ্বারা ও মৎস্য আইনে নিষিদ্ধ অন্য কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না।

২৮। জলমহালের তীরবর্তী সরকারি ভূমিতে পরিবেশ বান্ধব করচ গাছ বা তদ্রূপ অন্য কোনর বৃক্ষ লাগাতে হবে। যা মাছ চাষের নিরাপদ আশ্রয় হিসেবে সহায়ক হবে।

২৯। বর্তমানে প্রচলিত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন বন্দোবস্ত গ্রহিতা মানতে বাধ্য থাকবেন।

৩০। জলমহালে মৎস্য সম্পদ পরিচর্যামূলক ক্ষেত্র ভিত্তিক গবেষনা ও তথ্য সংগ্রহের উদ্দেশ্যে মৎস্যজীবী বিজ্ঞানীদের অবাধ বিচরণ, তথ্য সংগ্রহ ও নিজ খরচায় মৎস্য আহরণ, পরিবেশগত তথ্য সংগ্রহ ইত্যাদি কর্মকান্ড পরিচালনার জন্য মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রনালয়ের অধিকার থাকবে।

৩১। ইজার সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত বিধানসমূহ ইজারাগ্রহীতাকে মেনে চলতে হবে।

CamScanner

৩২। স্বত্ব মামলাভূক্ত জলমহাল/খাস পুকুরের ক্ষেত্রে ইজারা প্রদানের বিষয়ে বিধি নিষেধ আরোপিত না থাকলে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

৩৩। কোন জলমহাল/খাস পুকুর ইজারা প্রদান হয়ে থাকলে বা ইজারা কার্যক্রম গ্রহনের কোন পর্যায়ে কোন স্বত্ব মামলার উদ্ভব হলে/বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা জারি করা হলে ইজারাকৃত মূল্য ফেরত প্রদান করা হবে না বা কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৩৪। কোন জলমহাল/খাস পুকুর ইজরা কার্যক্রমের পর্যায়ে উর্দ্ধতন কর্তৃপক্ষসহ বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা প্রত্যাহার হলে স্বয়ংক্রিয়ভাবে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

৩৫। যে সমস্ত জলমহালের ক্ষেত্রে বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা/আদালত কর্তৃক স্বত্ব মোকদ্দমা কিংবা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বারিত করা হয়েছে। যে সমস্ত জলমহাল/খাস পুকুর এ বিজ্ঞপ্তির আওতাভূক্ত থাকবে না অর্থাৎ সে সমস্ত মহালের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তির কার্যকারিতা থাকবে না।

৩৬। সর্বাবস্থায় সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুসরণ করা হবে। অর্থাৎ এ নীতির আলোকে জলমহালসমূহ বন্দোবস্ত প্রদান করা হবে।

৩৭। সর্বক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

মো.মেহেদী হাসান শাকিল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১৫৯.০০০.১৪.০০৫.২৬. ৫৫৫

তারিখ: ০৯ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২৬ খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :
০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪-১৬। উপজেলা নির্বাহী অফিসার ........................................................ (সকল), সিলেট।
১৭-২৯। সহকারী কমিশনার (ভূমি), ........................................................(সকল), সিলেট।
৩০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কানাইঘাট, সিলেট (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধসহ)।
৩১। জেলা তথ্য অফিসার, সিলেট।
৩২-৪৫। উপজেলা কর্মকর্তা...................................................................................................(সকল), কানাইঘাট, সিলেট।
৪৬-৪৭। উপজেলা সমাজ সেবা/সমবায় কর্মকর্তা, কানাইঘাট, সিলেট (বিজ্ঞপ্তিটি সকল মৎস্যজীবি সমবায় সমিতি লি: কে অবহিত করতে অনুরোধ করা হলো)।
৫১। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, মীরের ময়দান, সিলেট (বিজ্ঞপ্তিটি স্থানীয় সংবাদ বুলেটিন প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৫৩-৫৯। চেয়ারম্যান.................................................................................. ..(সকল) ইউপি, কানাইঘাট সিলেট।
৬০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট (বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২২-০৪-২৬

তাপস চক্রবর্ত্তী তুষার
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কানাইঘাট, সিলেট

CamScanner